৮

দৈনিক বাংলা

তারিখ 09 APR 1994
পৃষ্ঠা ? কলাম ৫

# শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী সফল করুন ঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া উন্নয়নের গতি বৃদ্ধি এবং দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দেশব্যাপী শিক্ষার আলো ছড়িয়ে দিতে শিক্ষার জন্য খাদ্য-কর্মসূচী বাস্তবায়নে বর্তমান সরকারকে সাহায্য করার জন্য বাংলাদেশ বেসরকারী প্রাথমিক স্কুল শিক্ষক সমিতির সদস্যদের প্রতি আহবান জানিয়েছেন। খবর বাসস'র।

প্রধানমন্ত্রী শুক্রবার তার সুগন্ধা অফিসে বাংলাদেশে বেসরকারী প্রাথমিক স্কুল শিক্ষক সমিতির এক প্রতিনিধিদলের সদস্যদের উদ্দেশে ভাষণ দেন।

স্থানীয় প্রশাসন, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ব্যারিস্টার আবদুস সালাম

(৮-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **প্রধানমন্ত্রী**

তালুকদার, শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার, শিক্ষা প্রতিমন্ত্রী ইউনুস খান, সমিতির উপদেষ্টা হারিস চৌধুরী এবং সমিতির সভাপতি সফিকুল হাসান তৃপ্তি ও সাধারণ সম্পাদক আক্কাস আলী শেখও অনুষ্ঠানে ভাষণ দেন।

দেশের শিক্ষা খাতের সার্বিক উন্নয়নে বর্তমান গণতান্ত্রিকভাবে নির্বাচিত বিএনপি সরকারের গৃহীত ব্যবস্থার বর্ণনা দিয়ে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেন, তার সরকার শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ ও গুরুত্ব আরোপ করেছে। কেননা শিক্ষার আলো ছাড়া কোন দেশই উন্নত হতে পারে না।

প্রধানমন্ত্রী বলেন, গত ৩ বছরে সর্বমোট ৯ হাজার প্রাথমিক স্কুল নির্মাণ করা হয়েছে এবং প্রাথমিক শিক্ষা অবকাঠামো উন্নত করার জন্য সরকার মোট ৪২৮ কোটি টাকা ব্যয় করেছে।

অব্যাহত উন্নয়নমূলক রাজনীতির ওপর গুরুত্ব আরোপ করে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেন,১৯৮২ সালে বিএনপি সরকার যদি ক্ষমতাচ্যুত না হতো এবং যে পদ্ধতি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান সূচনা করেছিলেন তা এখন অব্যাহত থাকলে দেশ আজ ব্যাপক অগ্রগতি অর্জন করতো এবং শিক্ষার আলো দেশব্যাপী ছড়িয়ে পড়ত।

কিন্তু দুঃশাসনের দীর্ঘ নয় বছরে সমগ্র শিক্ষাব্যবস্থা ধ্বংস করা হয়, উন্নয়ন ধারাকে ব্যাহত করে। কিন্তু জনগণের ভোটে আবার ক্ষমতায় ফিরে এসে বিএনপি সরকার বিগত নয় বছরের কুকীর্তি অপসারণ করে জাতীয় অর্থনীতিকে সঠিক পথে ফিরিয়ে এনেছে।

দেশের কল্যাণের জন্য শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীকে সফল করার লক্ষ্যে প্রধানমন্ত্রী শিক্ষক এবং অভিভাবকদের সহযোগিতা কামনা করেন। এই কর্মসূচী বাস্তবায়নে যেন কোন প্রকার দুর্নীতি না হয় তা দেখার জন্য তিনি সকলের প্রতি আহবান জানান।

বেগম খালেদা জিয়া বলেন, দুর্নীতি ঘুষ কারো জন্য সুখ বয়ে আনতে পারে না। বরং তা অশান্তি ও অবিশ্বাসের জন্ম দেয় বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

প্রধানমন্ত্রী বলেন, যদি আমরা আমাদের স্ব স্ব ক্ষেত্রে দায়িত্ব পালনের প্রতি সুবিচার করতে পারি তাহলে দেশ অবশ্যই উন্নতি লাভ করবে। এদেশের জনগণ তবেই উন্নয়নের ফল ভোগ করতে সক্ষম হবে বলে তিনি মন্তব্য করেন।